বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৪৬.১৯. ২০৬৬ তারিখঃ ০৪ মার্চ ২০২১ খ্রি.।

বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক- ২০২০ প্রদানের নিমিত্ত প্রার্থী তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য ২০২০ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে **'জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা-২০১২'** এর আলোকে মনোনয়ন পাওয়া আবশ্যক। পদকের জন্য ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠন নির্বাচনের ক্ষেত্রে সংযুক্ত মানদন্ড ভিত্তি হিসেবে বিবেচনা করতে হবে এবং শ্রেণিভিত্তিক কর্মকান্ডের প্রাঞ্জল বর্ণনা থাকতে হবে। সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না। প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তির প্রেরিত ছবি পিপি সাইজের এবং সমিতি/ প্রতিষ্ঠান/ সংগঠনের ক্ষেত্রে এর নামফলক স্পষ্ট দৃশ্যমানসহ মালিক/ সদস্যদের মানসম্মত গ্রুপ ছবি প্রেরণ করতে হবে।

২। বিভাগীয় সদরের বিআরডিবি'র উপপরিচালক জেলা কমিটির নির্বাচিত তালিকা বিভাগীয় কমিটিতে উপস্থাপন করবেন। বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা ও সভার কার্যবিবরণী'র ছায়ালিপি আগামী ১০ জুন, ২০২১খ্রি. এর মধ্যে পরিচালক (সরেজমিন), বিআরডিবি বরাবর প্রেরণ করবেন। **বিভাগীয় কমিটির কার্যবিবরণীতে প্রার্থীর কর্ম সাফল্যের (সাইটেশন) বর্ণনা আবশ্যিকভাবে থাকতে হবে।** কাগজপত্রের সফট কপি ddcoop@brdb.gov.bd ওয়েব মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং অবশ্যই তা নিকস্ (Nikosh) ফন্টে হতে হবে।

৩। এমতাবস্থায়, জাতীয় পল্লী উন্নয়ন পদক সংক্রান্ত উপজেলা কমিটি আগামী ১৫ এপ্রিল ২০২১; জেলা কমিটি আগামী ০৬ মে ২০২১ এবং বিভাগীয় কমিটি আগামী ০১ জুন ২০২১ তারিখের মধ্যে শ্রেণিভিত্তিক ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনসমূহের মনোনয়ন চূড়ান্ত করে সংশ্লিষ্ট কার্যালয়ে/ সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৪/৩/২১

আবদুর রশিদ
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬।

উপপরিচালক
বিআরডিবি (সকল জেলা)।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হল:
১) বিভাগীয় কমিশনার (সকল)।
২) জেলা প্রশাসক (সকল জেলা)।
৩) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫) উপজেলা নির্বাহী অফিসার, (সকল উপজেলা)।
৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, (সকল উপজেলা)।
৭) অফিস কপি।

# 'জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা-২০১২' এর আলোকে

## পুরষ্কারের শ্রেণিভিত্তিক মনোনয়নের মানদন্ড

প্রতি শ্রেণিতে সর্বমোট নম্বর-১০০।

**১। পল্লী সফল উদ্যোগঃ**

| | |
|---|---|
| (ক) পল্লী উন্নয়নে গৃহীত উদ্যোগ | -২০ |
| (খ) সৃষ্ট মূলধনের পরিমাণ | -২০ |
| (গ) কর্মসংস্থান সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়ন | -৩০ |
| (ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে অবদান | -২০ |
| (ঙ) সাফল্যের মূল্যায়ন | -১০ |

**২। পল্লী সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহারঃ**

| | |
|---|---|
| (ক) পুঁজিগঠন ও সম্পদ সৃষ্টি | -২০ |
| (খ) ক্ষুদ্র ঋণের ব্যবহার ও উৎসাহ সৃষ্টি | -২০ |
| (গ) টেকসই কর্মসংস্থান সৃষ্টি | -২০ |
| (ঘ)পল্লীর দারিদ্র্য দূরীকরণে সংগঠনের ভূমিকা | -২০ |
| (ঙ) পল্লীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে সংগঠনের প্রভাব | -২০ |

**৩। পল্লী উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার এবং পরিবেশ সুরক্ষায় অবদানঃ**

| | |
|---|---|
| (ক) উদ্ভাবনের মৌলিকতা | -২০ |
| (খ) নবায়নযোগ্য শক্তির ব্যবহার | -২০ |
| (গ) প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আর্থিক সাশ্রয় | -২৫ |
| (ঘ) ব্যয়সাধ্য প্রযুক্তি ব্যবস্থাপনা | -১৫ |
| (ঙ) বর্জ্য সংগ্রহ এবং বর্জ্য সম্পদে রূপান্তর | -২০ |

**৪। দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহারঃ**

| | |
|---|---|
| (ক) কার্যকর পল্লী সংগঠন সৃষ্টি | -১৫ |
| (খ) মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | -২৫ |
| (গ) টেকসই ও মানসম্মত কর্মসংস্থান সৃষ্টি | -২৫ |
| (ঘ) আধুনিক প্রযুক্তির ব্যবহার | -১৫ |
| (ঙ) সংগঠনের আর্থিক সমৃদ্ধির মূল্যায়ন | -২০ |

**৫। স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণঃ**

| | |
|---|---|
| (ক) নিরাপদ ও পুষ্টিকর খাদ্যের উৎপাদন | -১৫ |
| (খ) গ্রামীণ চাহিদা পূরণে সক্ষমতা | -১০ |
| (গ) স্থানীয় কাচামালের ব্যবহার | -৩০ |
| (ঘ) ব্যয়সাধ্য প্রযুক্তির ব্যবহার | -২০ |
| (ঙ) গ্রামীণ অর্থনৈতিক বিকাশে প্রভাব | -২৫ |

**৬। সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠনঃ**

| | |
|---|---|
| (ক) সামাজিক সুরক্ষা কর্মসূচীভিত্তিক সংগঠন সৃষ্টি | -২০ |
| (খ) সদস্যদের সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন | -২৫ |
| (গ) সঞ্চয়ের অর্থ বিনিয়োগে দক্ষতা | -২০ |
| (ঘ) কর্মসংস্থান সৃষ্টি ও মাথাপিছু আয়বৃদ্ধি | -২০ |
| (ঙ) পল্লীর দারিদ্র্য দূরীকরণে সংগঠনের প্রভাব | - ১৫ |

**৭। নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহণঃ**

| | |
|---|---|
| (ক) নারী নেতৃত্ব ও সমতাভিত্তিক সংগঠন সৃষ্টি | -১০ |
| (খ) নারীর শারীরিক ও বৃত্তিমূলক শিক্ষা প্রদান | -২৫ |
| (গ) নারীর কর্মক্ষেত্রে প্রতিকূলতা দূরীকরণ | -২৫ |
| (ঘ) নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক প্রথা নির্মূলে ভূমিকা | -১৫ |
| (ঙ) লিঙ্গ সমতা অর্জন এবং কন্যাশিশু ও নারীর ক্ষমতায়নে অবদান | -২৫ |

**৮। পল্লী উন্নয়ন ও প্রয়োগিক গবেষণায় বিশেষ অবদানঃ**

| | |
|---|---|
| (ক) প্রায়োগিক গবেষণার বিষয়বস্তুর স্বকীয়তা | -২০ |
| (খ) পল্লী উন্নয়ন গবেষণায় অর্জিত সাফল্য | -২০ |
| (গ) ব্যয়সাধ্য প্রযুক্তি/কৌশল হস্তান্তর | -১৫ |
| (ঘ) পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণার অবদান | -৩০ |
| (ঙ) পরিবেশের উপর ইতিবাচক প্রভাব | -১৫ |

**৯। কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যতিক্রমধর্মী উল্লেখযোগ্য ও অনুস্মরণীয় দৃষ্টান্ত স্থাপনঃ**

| | |
|---|---|
| (ক) ন্যায়বিচার প্রতিষ্ঠা, মানব পাচার, সহিংসতা রোধ, অবৈধ অস্ত্র পাচার, অর্থ পাচার, দুর্নীতি,মানবাধিকার, পরিবেশ সুরক্ষায় বিশেষ অবদান | -২০ |
| (খ) পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নে মননশীলতা, ও দক্ষতার প্রয়োগ | -২০ |
| (গ) জনগণকে সংগঠিতকরণ ও উন্নয়ন প্রক্রিয়ায় নেতৃত্ব প্রদান | -২০ |
| (ঘ) সামাজিক সংগঠন/ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা | -২০ |
| (ঙ ) শান্তি প্রতিষ্ঠা ও জনকল্যাণে অবদান | -২০ |

**১০। পল্লী উন্নয়নে সফল নেতৃত্বঃ**

| | |
|---|---|
| (ক) রাজনৈতিক/সামাজিক/অর্থনৈতিকভাবে সাংগঠনিক পরিচিতি ও সংগঠনিক দক্ষতা | -২০ |
| (খ) জনগণকে উন্নয়ন কর্মকান্ডে উদ্বুদ্ধকরণে ভূমিকা | -২০ |
| (গ) পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নে মননশীলতা ও দক্ষতার প্রয়োগ | -২০ |
| (ঘ) পল্লী উন্নয়নকে জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ততায় ভূমিকা | -২০ |
| (ঙ) ন্যায়বিচার, লিঙ্গ বৈষম্য হ্রাস, শান্তি প্রতিষ্ঠা ও জনকল্যাণে সংগঠন প্রতিষ্ঠা | -২০ |